# জর্ডানে ইরানের হামলার নিন্দা সৌদি আরবের



ছবি: সংগৃহীত

জর্ডানের ওপর ইরানের চলমান হামলার কঠোর সমালোচনা করেছে সৌদি আরব। বুধবার (৯ সেপ্টেম্বর) সৌদি পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ অবস্থান জানানো হয়।

বিবৃতিতে বলা হয়েছে, ইরানের বোমা হামলা আন্তর্জাতিক আইন এবং প্রতিবেশীসুলভ আচরণের নীতির সরাসরি লঙ্ঘন। জর্ডানসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশের ওপর এ ধরনের হামলা দ্রুত বন্ধ করার আহ্বান জানিয়েছে সৌদি আরব।

একই সঙ্গে অঞ্চলটিতে নিরাপত্তা ও স্থিতিশীলতা ফিরিয়ে আনতে কার্যকর ও গুরুত্বসহকারে পদক্ষেপ নেওয়ার আহ্বান জানানো হয়েছে।

এর আগে ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি) জর্ডানে মার্কিন সেনাদের একটি সামরিক ঘাঁটি লক্ষ্য করে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলার কথা জানায়। তবে যুক্তরাষ্ট্র বলেছে, ওই হামলায় কোনো হতাহতের ঘটনা ঘটেনি।

LENS ASIA

আইআরজিসি জানিয়েছে, মার্কিন আগ্রাসন বন্ধ না হওয়া পর্যন্ত তাদের পাল্টা হামলা অব্যাহত থাকবে।